



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০২৫.২০.২২৭

তারিখ: ২৮ আষাঢ় ১৪২৭
১২ জুলাই ২০২০

বিষয়: ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান।

সূত্র: অত্র অধিদপ্তরের পত্র নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১০.২০২০.৪৭৮(৫) তারিখ:
১৬/০৬/২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার রোভারপল্লী ডিগ্রি কলেজে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ১৩ অনুচ্ছেদ অনুযায়ী জ্যেষ্ঠতম শিক্ষকের নিকট দায়িত্ব হস্তান্তর করার জন্য জনাব মোঃ আব্দুস ছালাম, ভারপ্রাপ্ত অধ্যক্ষ কে সূত্রস্থ স্মারকে পত্র প্রেরণ করা হয়। কিন্তু তিনি জ্যেষ্ঠতম শিক্ষকের নিকট ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান না করে অত্র অধিদপ্তরে আবেদন দাখিল করেন।

জনাব মোঃ আব্দুস ছালাম, ভারপ্রাপ্ত অধ্যক্ষ আবেদনে উল্লেখ করেন, নিয়মিত অধ্যক্ষ জনাব শরিফুল ইসলাম এর অবসর জনিত কারণে অধ্যক্ষের পদটি শূন্য হওয়ায় কলেজ গভর্নিং বডি ১১/০৩/২০২০খ্রি. তারিখের ১৮তম সভায় সর্বসম্মতিক্রমে জনাব মোঃ আব্দুস ছালামকে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করেন। তিনি উল্লেখ করেন জ্যেষ্ঠতম শিক্ষক জনাব এম.এ আজিজ এর বয়স ও শারীরিক দিক এবং প্রশাসনিক দায়িত্ব পালনে উপযুক্ত প্রতীয়মান না হওয়ায় দ্বিতীয় জ্যেষ্ঠ শিক্ষক হিসেবে তাঁকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার অর্পণ করেন।

এমতাবস্থায়, জনাব মোঃ আব্দুস ছালাম, ভারপ্রাপ্ত অধ্যক্ষ এর জবাব যথাযথ না হওয়ায় শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪; তারিখ: ০৯/০৭/২০১২খ্রি. পরিপত্র এবং জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ১৩ অনুচ্ছেদ অনুযায়ী জ্যেষ্ঠতম শিক্ষককে দায়িত্ব প্রদান করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

১২-৭-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

জনাব মোঃ আব্দুস ছালাম, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) রোভার
পল্লী ডিগ্রি কলেজ, সদর, গাজীপুর

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০২৫.২০.২২৭/১(৫)


তারিখ: ২৮ আষাঢ় ১৪২৭
১২ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সভাপতি, পরিচালনা পরিষদ, রোভার পল্লী ডিগ্রি কলেজ, সদর, গাজীপুর
- ৩) পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা
- ৪) ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লি. গাজীপুর শাখা, গাজীপুর (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের

অনুরোধসহ।)

৫) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর



১২-৭-২০২০

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক